

হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ তুরবায়ে মুহাম্মাদী বা রাসূলুল্লাহ ﷺ এর সৃষ্টির মাটি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২০. রাসূলুল্লাহ (ৠৣঃ), আলী (রা), হারূন (আ)... একই মাটির

ধেম শতকের প্রসিদ্ধ মুহাদ্দিস ও ঐতিহাসিক আহমাদ ইবনু আলী খতীব বাগদাদী বলেন.. আবৃ ইসহাক ইবরাহীম ইবনুল হুসাইন ইবনু দাউদ আল-কান্তান ৩১১ হিজরীতে তার ছাত্র মুহাম্মাদ ইবনু ইসামঈলকে বলেছেন। আবৃ ইসহাক বলেন, আমাদেরকে মুহাম্মাদ ইবনু খালাফ আল-মারওয়াযী বলেছেন, আমাদেরকে মুসা ইবনু ইবরাহীম আল-মারওয়াযী বলেছেন, আমাদেরকে ইমাম মূসা কাযিম বলেছেন, তিনি তাঁর পিতা ইমাম জা'ফর সাদিক থেকে, তিনি তাঁর পিতামহদের সূত্রে বলেছেন, রাসূলুল্লাহ ্ষ্মিন্তু বলেন:

خُلِقْتُ أَنَا وَهَارُوْنُ بْنُ عِمْرَانَ وَيَحْيَى بْنُ زَكَرِيَّا وَعَلِيٌّ بْنُ أَبِيْ طَالِبٍ مِنْ طِيْنَةٍ وَاحِدَةٍ

"আমি, হারান ইবনু ইমরান (আঃ), ইয়াহইয়া ইবনু যাকারিয়া (আঃ) ও আলী ইবনু আবূ তালিব একই কাদা থেকে সৃষ্ট।"

লক্ষ্য করুন, এ সনদে রাসূল-বংশের বড় বড় ইমামদের নাম রয়েছে। কিন্ত মুহাদ্দিসগণ একমত যে, হাদীসটি জাল কথা। এ সনদের দুজন রাবী: মুহাম্মাদ ইবনু খালাফ ও তার উস্তাদ মূসা ইবনু ইবরাহীম উভয়ই জালিয়াতির অভিযোগে অভিযুক্ত। এ দুজনের একজন হাদীসটি বানিয়েছে। তবে জালিয়াতির ক্ষেত্রে প্রসিদ্ধি বেশি ছিল উস্তাদ মূসার। বি

ফুটনোট

- [1] খতীব বাগদাদী, তারীখ বাগদাদ ৬/৫৮।
- [2] ইবনুল জাওয়ী, আল-মাউদ্'আত ১/২৫৩-২৫৪; যাহারী, মীযানুল ই'তিদাল ৬/১৩৫; ইবনু হাজার, লিসানুল মীযান ৫/১৫৭; সুয়ূতী, আল-লাআলী ১/৩২০; ইবনু আর্রাক, তানয়ীহ ১/৩৫১; শাওকানী, আল-ফাওয়াইদ ২/৪৩৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4812

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন